ফুটবলপ্রেমীদের হৃদয়ে ম্যারাডোনা চিরস্মরণীয় হয়ে থাকবেন: প্রধানমন্ত্রী

ফুটবল কিংবদন্তি দিয়েগো ম্যারাডোনার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বুধবার রাতে পাঠানো এক শোকবার্তায় শেখ হাসিনা বলেন, ফুটবল ইতিহাসের অন্যতম সেরা এই আর্জেন্টাইন খেলোয়াড় বিশ্বের ফুটবলপ্রেমীদের হৃদয়ে চিরস্মরণীয় হয়ে থাকবেন এবং যুগে যুগে তার ক্রীড়া নৈপুণ্য ভবিষ্যৎ ফুটবল খেলোয়াড়দের অনুপ্রেরণা হিসেবে কাজ করবে।

প্রধানমন্ত্রী এই ফুটবল মহানায়কের আত্মার শান্তি কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

না ফেরার দেশে ম্যারাডোনা

আর্জেন্টিনার কিংবদন্তি ফুটবলার ম্যারাডোনা আর নেই। আজ (বুধবার) হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে চলে গেলেন না ফেরার দেশে।
হৃদরোগে আক্রান্ত হয়ে বুধবার নিজ বাসায় মারা যান তিনি। খবরটি নিশ্চিত করেছে বার্তা সংস্থা এএফপি। বেশ কিছুদিন ধরেই অসুস্থ ছিলেন ৮৬ সালের বিশ্বকাপজয়ী এ কিংবদন্তি।

মৃত্যুকালে ম্যারাডোনার বয়স হয়েছিল ৬০ বছর। গত মাসে হাসপাতাল থেকে বাসায় ফিরেছিলেন ম্যারাডোনা। বুয়েনস এইরেসের হাসপাতালে তার মস্তিষ্কে জরুরি অস্ত্রোপচার করা হয়। মস্তিষ্কে জমাট বেঁধে থাকা রক্ত অপসারণ করা হয়েছিল। তখন মাদকাসক্তি নিয়ে ভীষণ সমস্যায় ভুগেছেন ম্যারাডোনা। বিস্তারিত আসছে …

দুর্নীতির দায়ে নিষিদ্ধ হলেন আফ্রিকান ফুটবল প্রধান

দুর্নীতির দায়ে কনফেডারেশন অব আফ্রিকান ফুটবলের (সিএএফ) সভাপতি আহমদ আহমদকে পাঁচ বছরের জন্য সব ধরনের ফুটবল কার্যক্রম থেকে নিষিদ্ধ করেছে ফিফা।

সোমবার ফুটবলের সর্বোচ্চ নিয়ন্ত্রণকারী সংস্থা এই খবর নিশ্চিত করেছে। স্বাধীন এথিক্স কমিটির তদন্ত শেষে এই শাস্তি দিয়েছে ফিফা। আহমদের দায়িত্ব পালনকালে মিশরের কায়রোতে অবস্থিত সিএএফের সদর দপ্তরে নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ ওঠে।

মেয়েদের বিশ্বকাপের ঠিক আগে প্যারিসে ফরাসি কর্তৃপক্ষ আহমদকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করে। ফুটবলের সঙ্গে সম্পর্ক নেই এমন একটি কোম্পানির সঙ্গে সিএএফের সরঞ্জাম লেনদেনের অভিযোগ ছিল তার বিরুদ্ধে।

শাস্তির রায় দিয়ে এক বিবৃতিতে ফিফা জানিয়েছে, ‘বিভিন্ন সময়ে উপহার ও অন্য সুবিধা দেওয়া-নেওয়া এবং তহবিলের অপব্যবহারে আহমদের প্রত্যক্ষ সংশ্লিষ্টতা খুঁজে পেয়েছে এথিক্স কমিটি।

জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে যে কোনও ধরনের ফুটবল কার্যক্রম থেকে নিষিদ্ধ করা হয়েছে আহমদকে। একই সঙ্গে ৬০ বছর বয়সী এই কর্মকর্তাকে ২ লাখ সুইস ফ্রাঁ জরিমানাও গুনতে হবে।

আজ শুরু হচ্ছে বঙ্গবন্ধু টি-

২০, মুখোমুখি হবেন সাকিব-তামিম

আজ মঙ্গলবার (২৪ নভেম্বর) থেকে শুরু হচ্ছে বঙ্গবন্ধু টি-টোয়েন্টি কাপ। শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে বেক্সিমকো ঢাকা ও মিনিস্টার গ্রুপ রাজশাহীর মধ্যকার ম্যাচের মধ্য দিয়ে এই টুর্নামেন্ট শুরু হবে।

আজ প্রথম ম্যাচটি দুপুর দেড়টায় শুরু হবে এবং দিনের দ্বিতীয় ম্যাচটি সন্ধ্যা সাড়ে ৬টায় একই ভ্যেনুতে হবে। টুর্নামেন্টের ২৪টি ম্যাচ একই ভেন্যুতে হবে। দেশের নতুন ও একমাত্র ক্রীড়া বিষয়ক চ্যানেল টি-স্পোর্টস খেলাগুলো সরাসরি সম্প্রচার করবে।

বঙ্গবন্ধু টি-টোয়েন্টি কাপ-২০২০ শেষ হবে আগামী ১৮ ডিসেম্বর। লিগ পর্বের ২০ ম্যাচের পর শীর্ষ দলগুলোর মধ্যে চতুর্থ ও তৃতীয় দল একে অপরের মুখোমুখি হবে। এ ম্যাচে বিজয়ী দ্বিতীয় কোয়ালিফাই ম্যাচের খেলবে। লিগ পর্বে শীর্ষ দুটি দল কোয়ালিফাই বাছাইপর্বে একে অপরে মুখোমুখি হবে। এ ম্যাচে বিজয়ী সরাসরি ফাইনালে চলে যাবে। অন্যদিকে, ম্যাচে হেরে যাওয়া দল দ্বিতীয় কোয়ালিফাই বিজয়ীদের মুখোমুখি হবে। এ ম্যাচে বিজয়ী ফাইনাল খেলতে পারবে।

আজ বাইশগজে ফিরছেন বিশ্বসেরা অলরাউন্ডার। বঙ্গবন্ধু টি-২০ কাপের প্রথম দিনে দ্বিতীয় ম্যাচে সাকিবের জেমকন খুলনা মুখোমুখি হচ্ছে ফরচুন বরিশালের।

সাকিব খুলনার অধিনায়ক নন। অনেক দিন পর ক্রিকেটে ফিরছেন। তাই কেবলমাত্র খেলার দিকেই ফোকাস করতে চান। সে কারণেই হয়তো জেমকন খুলনা নেতৃত্বের ভার দিয়েছে মাহমুদুল্লাহ রিয়াদের কাঁধে।

নিষেধাজ্ঞা কাটিয়ে ফেরার পর ক্রিকেটের বাইরের খবরে বার বার শিরোপা হয়েছেন সাকিব আল হাসান। মাঠের লড়াই নামার আগেই ‘অন্য লড়াই’ করতে হয়েছে বিশ্বসেরা অলরাউন্ডারকে। এত কিছুর পর কি সাকিব বাইশগজে নিজেকে সঠিকভাবে মেলে ধরতে পারবেন?

অবশ্য অধিনায়ক মাহমুদুল্লাহ রিয়াদের বিশ্বাস, প্রথম ম্যাচ থেকেই দেখা যাবে অন্য সাকিবকে। জেমকন খুলনা ক্যাপ্টেনের ভাষ্য, ‘আমি সবসময় একটা জিনিস বিশ্বাস করি- সাকিবের যে ক্যালিবার, যে

ক্যাপাবিলিটি, আমার মনে হয় না যে ওটার কোনো প্রশ্ন থাকবে ওর অর্জন, ওর পারফরম্যান্সের ক্ষেত্রে। আমি বিশ্বাস করি ও প্রথম ম্যাচেই নিজেকে মেলে ধরতে পারবে। ওই জড়তা আমি দেখছি না, আমার মনে হয় যে ও খুব উদগ্রীব খেলার জন্য, আর মুখিয়ে আছে ভালো খেলার ব্যাপারে।’

ক্রিকেটে ফেরার ম্যাচে সাকিব মুখোমুখি হচ্ছে বন্ধু তামিম ইকবালের। অনেক দিন পর সাকিবকে ময়দানি লড়াইয়ে দেখতে পাওয়াটা যেন তামিমের কাছে বিশেষ কিছু। ফরচুন বরিশাল ক্যাপ্টেন মনে করেন মাঠে ফিরে সাকিব নিজেকে আরও উঁচুতে নিয়ে যাবেন। তামিমের দাবি, এই দিনটি সাকিবের কাছে অনেক ‘বড় দিন’ আর দেশের ক্রিকেটে ‘গুরুত্বপূর্ণ দিন’।

তামিম বলেন, ‘আমি নিশ্চিত, ওর জন্য এটি অনেক বড় দিন। এক বছর পর মাঠে ফিরছে। ওর জন্য বড় দিন, বাংলাদেশ ক্রিকেটের জন্য একটি গুরুত্বপূর্ণ দিন। কারণ, ওর মাপের ক্রিকেটার ফিরে এসেছে। আমি নিশ্চিত ওর ভক্তরা ওকে দেখার জন্য মুখিয়ে থাকবে।’

‘যেহেতু আমার জন্য এটা একটা খেলা, আমি চেষ্টা করব যেন যত কম প্রভাব ও ফেলতে পারে। তবে দিন শেষে আমি খুশি যে ও ফিরছে। আমি নিশ্চিত, ও কালকে (আজ) থেকে আরও ভালোভাবে এগিয়ে যাবে।’

সাকিবের ফেরায় উচ্ছ্বসিত মুশফিকুর রহিমও। বিশ্বসেরা অলরাউন্ডারকে নিয়ে মিস্টার ডিপেন্ডেবল বলেন, ‘এটা তো অবশ্যই বড় একটা বিষয় (সাকিবের ফেরা)। কেবল আমি না, আমার মনে হয় পুরো বিশ্ব ক্রিকেটই অপেক্ষা করছে। সে এক নম্বর অলরাউন্ডার, আমাদের শীর্ষ ক্রিকেটার। আশা করছি, আমাদের সঙ্গে ছাড়া যাতে অন্য সবার সঙ্গে ভালো খেলে। কোনো সমস্যা নাই।’

পাঁচ দলের স্কোয়াড

বেক্সিমকো ঢাকার স্কোয়াড: মুশফিকুর রহিম, রুবেল হোসেন, তানজিদ হাসান তামিম, নাসুম আহমেদ, নাঈম শেখ, নাঈম হাসান, শাহাদাত হোসেন দিপু, আকবর আলী, ইয়াসির আলী রাব্বি, সাব্বির রহমান, মেহেদী হাসান রানা, মুক্তার আলী, শফিকুল ইসলাম, আবু হায়দার রনি, পিনাক ঘোষ ও রবিউল ইসলাম রবি।

গাজী গ্রুপ চট্টগ্রামের স্কোয়াড: মোস্তাফিজুর রহমান, লিটন দাস, মোহাম্মদ মিঠুন, সৌম্য সরকার, মোসাদ্দেক হোসেন সৈকত, শরিফুল

ইসলাম, জিয়াউর রহমান, তাইজুল ইসলাম, শামসুর রহমান, নাহিদুল ইসলাম, মো. সৈকত আলী, মুমিনুল হক, রকিবুল হাসান, সঞ্জিত সাহা, মাহমুদুল হাসান জয় ও মেহেদী হাসান।

মিনিস্টার গ্রুপ রাজশাহীর স্কোয়াড: মোহাম্মদ সাইফুদ্দিন, এসকে মাহাদী হাসান, নাজমুল হোসেন শান্ত, নুরুল হাসান সোহান, ফরহাদ রেজা, মোহাম্মদ আশরাফুল, আরাফাত সানি, ইবাদত হোসোন, ফজলে মাহমুদ রাব্বি, রনি তালুকদার, আনিসুল ইমন, রেজাউর রহমান, জাকের আলী অনিক, রকিবুল হাসান (এসএনআর), মুকিদুল ইসলাম মুগ্ধ ও সানজামুল ইসলাম।

ফরচুন বরিশালের স্কোয়াড: তামিম ইকবাল খান, আফিফ হোসেন ধ্রুব, তাসকিন আহমেদ, ইরফান শুক্কুর, মেহেদী হাসান মিরাজ, আবু জায়েদ রাহি, তৌহিদ হৃদয়, তানভীর ইসলাম, সুমন খান, মোহাম্মদ সাইফ হাসান, আমিনুল ইসলাম বিপ্লব, মাহিদুল আকন, পারভেজ হোসেন ইমন, কামরুল ইসলাম রাব্বি, আবু সায়েম ও সোহরাওয়ার্দী শুভ।

জেমকন খুলনার স্কোয়াড: সাকিব আল হাসান, মাহমুদুল্লাহ রিয়াদ, ইমরুল কায়েস, এনামুল হক বিজয়, আল আমিন হোসেন, হাসান মাহমুদ, শামীম পাটোয়ারি, আরিফুল হক, শফিউল ইসলাম, শুভাগত হোম, শহীদুল ইসলাম, রিশাদ হোসেন, জাকির হোসেন, নাজমুল ইসলাম অপু, সালমান হোসেন এবং জহুরুল ইসলাম অমি।

উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টে যশোরের জয়

ঝিনাইদহ সদরের সাগান্না ইউনিয়নের উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টের প্রথম সেমিফাইনাল ম্যাচে কোটচাঁদপুর একাদশের বিপক্ষে ১-০ গোলের ব্যবধানে জয় পেয়েছে যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশ।

আজকের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশের গোলকিপার মোঃ বায়েজিদ হোসেন। খেলায়

একমাত্র গোলটি করেন যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশের ০৯ নম্বর জার্সি পরিহিত খেলোয়াড় মোঃ নাজমুল ইসলাম।

খেলা শেষে সেরা খেলোয়াড়-এর হাতে পুরস্কার তুলে দেন, ৩ নং সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান মোঃ আলাউদ্দিন আল মামুন ও সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগ নেতা শহিদুল ইসলাম মেম্বার, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের ধর্ম বিষয়ক সম্পাদক, মোঃ আনিচুর রহমান খোকা।

খেলাটির আয়োজন ও সার্বিক ব্যবস্থাপনায় রয়েছে উত্তর নারায়ণপুর লায়ন্স ক্লাব।

অ্যাতলেটিকোর বিপক্ষে বার্সার হার, ক্ষুব্ধ কোমান

অ্যাতলেটিকো মাদ্রিদের বিপক্ষে ১-০ ব্যবধানে হেরেছে স্প্যানিশ জায়ান্ট বার্সেলোনা। শনিবার লা লিগায় নিষ্প্রভ ছিলেন লিওনেল মেসি। সঙ্গে হাঁটুতে মারাত্মক চোট পেলেন জেরার পিকে। তাঁর মাঠে ফিরতে ৬ মাস লেগে যেতে পারে। এই জয়ে অ্যাতলেটিকো লিগ টেবলে বার্সার থেকে ৯ পয়েন্ট এগিয়ে দু’নম্বরে উঠে এলো।

ম্যানেজার রোনাল্ড কোমান বলেছেন, ‘‘বার্সেলোনার মতো দলের এই রকম গোল খাওয়া মানায় না।’’ শনিবার মেসিকে দেখে মনে হয়েছে, দেশের হয়ে খেলে স্পেনে ফেরার ক্লান্তি কাটেনি। পুরনো ক্লাবের বিরুদ্ধে চূড়ান্ত ব্যর্থ আঁতোয়া গ্রিজম্যান একবার নিশ্চিত গোলের হেড অ্যাতলেটিকো গোলরক্ষকের হাতে সাজিয়ে দেন।

এদিকে, অ্যাতলেটিকোর ফরোয়ার্ড অ্যাঞ্জেল কোরেয়ার সঙ্গে সংঘর্ষের জেরে পিকের হাঁটুতে অস্ত্রোপচার হতে পারে। অন্যদের সাহায্য নিয়ে কাঁদতে কাঁদতে তিনি মাঠ ছাড়েন। ঊরুতে চোট পেয়েছেন সের্জি রবের্তোও। তাঁরও সুস্থ হতে দু’মাস লেগে যেতে পারে।

ইব্রাহিমোভিচের জোড়া গোল, জয় পেল এসি মিলান

বয়স ৩৯ পেরিয়ে গেলেও ফুটবল মাঠে জ্লাতান ইব্রাহিমোভিচ সেই তরুণই আছেন। সেরি আ’য় নাপোলির বিপক্ষে এসি মিলানকে ৩-১ ব্যবধানে জেতাতে একাই করেছেন জোড়া গোল।

এই মৌসুমে ৬ ম্যাচে ইব্রার গোল হল ১০টি। অ্যাওয়ে ম্যাচে দারুণ ফর্ম নিয়ে জিতে আসলেও দ্বিতীয়ার্ধের ইনজুরি তাকে ভোগাতে পারে।

এসি মিলানকে এগিয়ে নিতে ইব্রা ২০তম মিনিটে গোল করেন। বক্সের কোনা থেকে দারুণ এক হেডে জাল খুঁজে নেন। ব্যবধান দ্বিগুণ করেন দ্বিতীয়ার্ধের ৫৪তম মিনিটে।
নাপোলি ৬৩ মিনিটে এক গোল শোধ দেওয়ার পর খেলা শেষ হওয়ার ঠিক আগে আবার ব্যবধান বাড়ান ড্রিস ম্যার্টিনস।

অবাক করার বিষয় হল নাপোলি এদিন ৬৩ শতাংশ সময় নিজেদের পায়ে বল রেখেছিল। তারা গোলে শট নেয় ১৯টি। এর মধ্যে টার্গেটে ছিল ৭টি। এসি মিলানেরও ১৫ শটের টার্গেটে ছিল ৭টি।

নাপোলি বক্সের আশপাশে বেশিবার বল নিয়ে ঢুকেছে। তারা কর্নার পায় ৮টি। মিলান ৫টি।

মাঠের খেলায় কিছুটা পিছিয়ে থেকে জয় পাওয়া মিলান ফাউল করেছে বেশি, ১৬টি। নাপোলি সেখানে ৮টি।

এই জয়ে ৮ ম্যাচে ২০ পয়েন্ট নিয়ে টেবিলের শীর্ষে উঠেছে এসি মিলান। সমান ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে ৬ নম্বরে নেমে গেছে নাপোলি।

বাদ্যের তালে তালে ঘুরছে লাঠি

গ্রামবাংলার ঐতিহ্যবাহী লাঠি খেলা। যা দিন দিন হারিয়ে যেতে বসেছে। শীতের শুভ্র দুপুরে ব্যস্ততা মাড়িয়ে শান্তি খুঁজে নিতে কুষ্টিয়ার মিরপুরে আয়োজন করা হয়েছে লাঠি খেলা।

দিনব্যাপী ঐতিহ্যবাহী লাঠি খেলার এই আয়োজনকে কেন্দ্র করে ছড়িয়ে পড়ে উৎসবের আমেজ।

আয়োজকরা জানান সাফল্যের ধারাবাহিকতায় আগামী বছরও এমন আসর আয়োজন করতে চান তারা।

রবিবার সকালে মিরপুর উপজেলার বলিদাপাড়া বারুইপাড়া যৌথ প্রাথমিক বিদ্যালয় মাঠে এ লাঠিখেলার আয়োজন করা হয়।

বাদ্যের তালে তালে ঘুরছে লাঠি। তারপর শুরু হয় লাঠিয়ালদের কেরামতি। শক্ত হাতে প্রতিপক্ষকে ঘায়েল করতে দেখাতে থাকেন ভেলকি। যেখানে জয়-পরাজয় মুখ্য নয়। বরং দর্শকদের বিনোদন দিতেই এমন আয়োজন।

ঐতিহ্যবাহী এই খেলা দেখতে আগ্রহের কমতি নেই গ্রামবাসীর। কেউ খেলা দেখতে হাজারো দর্শকের আগমণ ঘটে। লাঠিয়ালদের অপূর্ব কৌশল দেখে মুগ্ধ দর্শকরা। নিয়মিত এমন আয়োজন দেখতে চান তারা।

বারাতালা স্পোর্টিং ক্লাব আয়োজিত এ লাঠিখেলার উদ্বোধন করেন দিশার নির্বাহী পরিচালক রবিউল ইসলাম।

তিনি বলেন, লাঠিখেলা গ্রামাঞ্চলের মানুষের নির্মল বিনোদনের অন্যতম মাধ্যম। লাঠিখেলায় শুধু লাঠি দিয়ে খেলাই হয় না, সঙ্গে প্রদর্শন করা হয় নানা রকম শারীরিক কসরত। যেসব বাঙালি ঐতিহ্য, সংস্কৃতি, গ্রামীণ খেলাধুলা কালের গর্ভে হারিয়ে যেতে বসেছে, তার মধ্যে অন্যতম একটি লাঠিখেলা। প্রয়োজনীয় পৃষ্ঠপোষকতার মাধ্যমে লাঠিখেলাকে টিকিয়ে রাখতে চাই। এজন্য যা যা করণীয় তাই করা হবে।

বারাতালা স্পোর্টিং ক্লাবের সভাপতি তুফান আলীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মাসুম বিশ্বাসের পরিচালনায় বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া জেলা যুবলীগের সভাপতি রবিউল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সংস্কৃতি বিষয়ক সম্পাদক তসলিম উদ্দিন খান, বারুইপাড়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ডাঃ শফিকুল ইসলাম মন্টু প্রমুখ।

বারাতালা স্পোর্টিং ক্লাবের সভাপতি তুফান আলী বলেন, বাংলাদেশে ইতিহাস-সংস্কৃতির অংশ হিসেবে বাঙালির রক্তে মিশে ছিল ঐতিহ্যবাহী লাঠিখেলা, যা কালের বিবর্তনে এখন প্রায় বিলুপ্তির পথে। আমরা আমাদের এই স্পোর্টিং ক্লাবের উদ্যোগে প্রতিবছর লাঠিখেলার আয়োজন করে থাকি। এই খেলা টিকিয়ে রাখতে আমরা বদ্ধ পরিকর।

দর্শক হাসান আহমেদ বলেন, আমরা প্রতিবছর এমন আয়োজন দেখতে চাই। প্রজন্মের পর প্রজন্ম এই খেলা যেন টিকে থাকে।

দর্শকদের আগ্রহ আর ভালবাসায় এখনো বেশ কিছু খেলোয়াড় এটিকে টিকিয়ে রেখেছে। তবে শত বছরের পুরোনো এই খেলা ধরে রাখতে খেলোয়াড়দের পাশাপাশি উদ্যোগ নিতে হবে প্রশাসন ও আয়োজকদের।

আরেক দর্শক ইউসুফ আহমেদ জানান, লাঠিখেলার অনেক গল্প শুনেছি। কিন্তু বাস্তবে দেখার সুযোগ হয়নি। আজকে এই লাঠিখেলা দেখলাম। সত্যিই এটি বাঙালির ঐতিহ্যবাহী খেলা।

কুষ্টিয়ার মিরপুর উপজেলার ঐতিহ্যবাহী লাঠি খেলায় এবার অংশ নেয় হাজরাহাটি ও কবরবাড়ীয়া দল।

মিরপুরের বারাতালা স্পোর্টিং ক্লাবের ফাইনাল খেলা অনুষ্ঠিত

কুষ্টিয়ার মিরপুর বারাতালা স্পোর্টিং ক্লাবের উদ্যোগে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকেলে উপজেলার বলিদাপাড়া- বারুইপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে খেলায় পোড়াদহ স্টার স্পোর্টিং ক্লাব একাদশ বনাম বারাতালা স্পোর্টিং ক্লাব একাদশ এর মধ্যে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

বারাতালা স্পোর্টিং ক্লাবের সভাপতি তৌফিকুর রহমান তুফানের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মাসুম বিশ্বাসের পরিচালনায় ফুটবল টুর্নামেন্ট এর ফাইনাল খেলা প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন,

দিশা সংস্থার নির্বাহী পরিচালক রবিউল ইসলাম।

এ সময় তিনি বলেন, খেলাধুলা মানুষের দেহ সুস্থ রাখে এবং মনকে রাখে চাঙা। আর মাদক মানুষের বোধশক্তি কেড়ে নেয়। নিজের ওপর নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে মাদকসেবীরা।

তিনি বলেন, মাদকের প্রভাবে মানুষ জড়িয়ে পড়ে অপরাধের সঙ্গে। তাই নিজেকে সুস্থ রাখতে চাইলে মাদক ব্যবসা ও সেবন ছাড়তে হবে। স্বাস্থই সকল সুখের মূল। স্বাস্থ ভালো না থাকলে শরীর ও মন ভালো থাকে না। এ জন্য সুস্থ জীবনযাপন করতে চাইলে খেলাধুলায় মন বসাতে হবে।

তিনি বলেন, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের রণাঙ্গনের জোনাল চেয়ারম্যান ও মিরপুর ভেড়ামারা আসনের সংসদ সদস্য আব্দুর রউফ চৌধুরীর অক্লান্ত প্রচেষ্টা এবং তার নিজের সম্পত্তি দান করে দেওয়ায় মধ্য দিয়ে এই স্পোর্টিং ক্লাব মাঠের সৃষ্টি হয়েছে। এরপর থেকে এই এলাকার বাসিন্দারা এখানে খেলাধুলা করে অনেকে নামি দামি খেলোয়াড়ও হয়েছেন। ফুটবল খেলাকে টিকিয়ে রাখতে এবং এই স্পোর্টিং ক্লাবে প্রতি বছর টুর্নামেন্টের মাধ্যমে খেলাধুলা চালিয়ে যেতে হবে। এজন্য আমার সহযোগিতা অব্যাহত থাকবে।

বিশেষ অতিথি হিসেবে জেলা যুবলীগের সভাপতি রবিউল ইসলাম, মিরপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দার, উপজেলা আওয়ামী লীগের সাংস্কৃতিক সম্পাদক তকরিম উদ্দিন খান, বারুইপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান-সাইদুর রহমান, ইউপি সদস্য রহমত আলী, মোজাম্মেল হক, বিলকিস বেগম, উপস্থিত ছিলেন। বারাতালা স্পোর্টিং ক্লাবকে ২-১ গোলে পরাজিত করে পোড়াদহ স্টার স্পোর্টিং ক্লাব একাদশ চ্যাম্পিয়ন হয়।

খেলায় আশপাশের এলাকার হাজারো ফুটবল প্রেমী খেলাটি উপভোগ করেন।

খেলা শেষে চ্যাম্পিয়ন ও রানারআপ দলের মধ্যে পুরষ্কার স্বরুপ ছাগল তুলে দেন অতিথিবৃন্দ।

মেসির সিটিতে যোগ দেওয়ার সম্ভাবনা প্রবল, তবে গার্দিওলা চান অন্য কিছু

চলতি মৌসুম শুরুর আগেই লিওনেল মেসি বার্সেলোনা ছাড়তে চেয়েছিলেন। চুক্তির শর্তের জন্যই শেষ পর্যন্ত কাতালান ক্লাবে থেকে যেতে হয়েছে তাকে। তবে আগামী মৌসুমে মেসি বার্সায় থাকবেন কিনা, সে বিষয়ে কোনও নিশ্চয়তা নেই। কেননা আর্জেন্টাইন তারকা ক্লাব ছাড়তে চাইলে কোনও শর্তেই তাকে আর আটকে রাখতে পারবে না লা লিগা জায়ান্টরা।

এবছরই মেসিকে দলে পেতে একাধিক ক্লাব আগ্রহ প্রকাশ করেছিল। সঙ্গত কারণে পরের মৌসুমে তাকে দলে পেতে তারা পুনরায় ঝাঁপিয়ে পড়বে সন্দেহ নেই। মেসি নিজে অবশ্য ঝুঁকে ছিলেন প্রিমিয়ার লিগ ক্লাব ম্যাঞ্চেস্টার সিটির দিকে। ম্যাঞ্চেস্টার কোচ পেপ গার্দিওলার সঙ্গে তার সুসম্পর্কের জন্যই বার্সা ছাড়লে মেসির সিটিতে খেলার সম্ভাবনাই ছিল সব থেকে বেশি।

মেসিকে দলে পাওয়ার সুযোগ থাকলেও গার্দিওলা চান না মেসি বার্সেলোনা ছাড়ুক। সিটি কোচ স্পষ্ট জানিয়ে দেন যে, একজন বার্সা অনুরাগী হিসেবে তিনি চান মেসি সেখানেই তার ক্যারিয়ার শেষ করুক।

গার্দিওলা বলেন, ‘মেসি বার্সেলোনার জন্যই। যদি আমার মতামত জানতে চান, তবে আমি বলব মেসি বার্সাতেই থাকুক। কেননা বার্সেলোনার প্রতি আমার কৃতজ্ঞতাবোধ অটুট। আমি চাই মেসি ওখানেই ক্যারিয়ার শেষ করুক।’

পেপ গার্দিওলা আরও বলেন, ‘আমি আগেও হাজারবার বলেছি যে, একজন বার্সেলোনা অনুরাগী হিসেবে আমি চাই মেসি ফুটবলকে বিদায় জানাক বার্সেলোনাতে থেকেই। তবে ওর মনে কী রয়েছে, সেটা বলা মুশকিল।’